

# ‘শিক্ষার্থীদের ফ্রি ওয়াই-ফাই সুবিধা দেবে সরকার’

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ০৯:২৭, ১০ মার্চ ২০২৬



দেশের শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে শিক্ষকদের পাশাপাশি শিক্ষার্থীদের ফ্রি ওয়াই-ফাই সুবিধা দেওয়ার পরিকল্পনা করছে সরকার। একইসঙ্গে শিক্ষকদের প্রত্যেককে ট্যাব দেওয়া হবে। শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আনাম এহছানুল হক মিলন এ তথ্য জানিয়েছেন।

সোমবার (৯ মার্চ) রাতে শিক্ষামন্ত্রীর মিডিয়া সেলের ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে এ তথ্য জানানো হয়।

এদিকে বিএনপির নির্বাচনি ইশতেহারে শিক্ষাখাতের উন্নয়নে দেওয়া প্রতিশ্রুতি বাস্তবায়নে ১৮০ দিন বা ছয় মাসের একটি কর্মসূচি নিতে যাচ্ছে। সোমবার এ কর্মসূচির বিস্তারিত রূপরেখা প্রণয়নে শিক্ষামন্ত্রীর সভাপতিত্বে সভা করা হয়েছে।

কর্মসূচির রূপরেখায় শিক্ষকদের ট্যাব দিতে 'ওয়ান টিচার, ওয়ান ট্যাব', শিক্ষার্থীদের ফ্রি ওয়াই-ফাই, শিক্ষা কারিকুলাম রিভিউসহ বেশ কিছু গুরুত্বপূর্ণ কাজ করা হবে বলে জানিয়েছে শিক্ষা মন্ত্রণালয়।

